



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১১ জানুয়ারি ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

পানছড়িতে ইউপিডিএফ সদস্যকে হত্যার নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ) খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক অনি চাকমা আজ শনিবার ১১ জানুয়ারি ২০২০ এক বিবৃতিতে জেলার পানছড়ির মরাটিলা এলাকায় পরেশ ত্রিপুরা (৩৫) নামে ইউপিডিএফ সদস্যকে ঠাণ্ডা মাথায় গুলি করে হত্যার নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

উক্ত হত্যার ঘটনাকে পরিকল্পিত ও মৌলিক অধিকারের চরম লঙ্ঘন হিসেবে উল্লেখ করে বিবৃতিতে তিনি বলেন, গতকাল (শুক্রবার) রাত সোয়া আটটার দিকে সিভিল পোশাক পরিহিত নিরাপত্তা বাহিনীর সদস্যরা মাহেন্দ্র-যোগে ও তাদের মদদপুষ্ট সন্ত্রাসীরা মোটর সাইকেল যোগে সেখানে গিয়ে যৌথভাবে উক্ত জঘন্য হত্যাকাণ্ড ঘটায়।

কতিপয় অনলাইন মিডিয়ায় ‘টহলরত সেনা সদস্যদের উপর গুলি বর্ষণ করে পালানোর সময় পাল্টা গুলিতে’ পরেশ ত্রিপুরা নিহত হয়েছেন বলে ঘটনার যে বর্ণনা দেয়া হয়েছে ইউপিডিএফ নেতা তাকে ডাहा মিথ্যাচার বলে প্রত্যাখ্যান করেছেন।

উক্ত বর্ণনায় তাকে ‘অন্যতম চীফ কালেক্টর’ হিসেবে উল্লেখ করা হয়েছে, যা সঠিক নয় বলে অনি চাকমা মন্তব্য করেন এবং বলেন, পরেশ ত্রিপুরা গত ৮ বছর ধরে ইউপিডিএফের গণতান্ত্রিক রাজনীতির সাথে যুক্ত ছিলেন।

ইউপিডিএফ নেতা অবিলম্বে পরেশ ত্রিপুরার হত্যাকারীদের শাস্তি ও এ ধরনের আইন বহির্ভূত রাষ্ট্রীয় হত্যাকাণ্ড বন্ধের দাবি জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।